

## প্রারম্ভিক পরীক্ষা

দিনের শুরুতে আপনার এগুলি পরীক্ষা করে দেখতে হবে। এছাড়া আপনি এই তালিকায় নিজের পরীক্ষা নিরীক্ষাও যুক্ত করতে পারেন

আপনার ফ্রিজ, চিলড ডিসপেন্স (হিমশীতল রাখার) যন্ত্রপাতি ও ফ্রিজার (বরফ জমা করার অংশ) সঠিকভাবে কাজ করছে

আপনার অন্য যন্ত্রপাতি (যেমন ওভেন) সঠিকভাবে কাজ করছে

কর্মচারীরা কর্মক্ষম এবং পরিষ্কার পরিচ্ছন্ন কাজের পোষাক পরেছে

রান্না করার স্থানটি পরিষ্কার পরিচ্ছন্ন (কাজের জায়গা, যন্ত্রপাতি, বাসন ইত্যাদি)

হাত ধোয়া ও পরিষ্কার করার প্রচুর জিনিস রয়েছে (সাবান, কাগজের তোওয়ালে, কাপড়, ইত্যাদি)

## শেষে পরীক্ষা

দিনের শেষে আপনার এগুলি পরীক্ষা করে নিতে হবে। আপনি এই তালিকায় নিজের পরীক্ষা নিরীক্ষাও যুক্ত করতে পারেন

কোনো খাবারদাবার বাইরে ফেলে রাখা হয়নি

“ব্যবহারের মেয়াদ” ফুরিয়ে গিয়েছে এমন খাদ্যদ্রব্য ফেলে দেওয়া হয়েছে

নোংরা কাপড় কাচার জন্য সরিয়ে ফেলা হয়েছে ও তার বদলে নতুন কাপড় রাখা হয়েছে

আবর্জনা সরিয়ে ফেলা হয়েছে এবং পাত্রে নতুন ব্যাগ রাখা হয়েছে

## অতিরিক্ত পরীক্ষা

কাজের আরম্ভে ও শেষে পরীক্ষার তুলনায় কম সংখ্যক অতিরিক্ত পরীক্ষা করা হয়। ব্যবস্থাপনা বিভাগে “অতিরিক্ত পরীক্ষার” নিরাপদ পদ্ধতি দেখে নিন। আপনি কোনো অতিরিক্ত পরীক্ষা করলে, ডায়েরির পৃষ্ঠায় প্রতি সপ্তাহের শেষে যে বক্স রয়েছে তা পূরণ করে নিতে পারেন।